গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. নাহিদ রশীদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
তারিখ ও সময়	:	৩১ জুলাই ২০২৩, দুপুর ১২.০০ টা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা	:	পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করা হয় এবং এসকল প্রতিশ্রুতির সাথে সরকারের পূর্বের মেয়াদ এবং বর্তমান মেয়াদেও অনেক ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় প্রতিশ্রুতিসমূহ দ্রুততম সময়ে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোসাম্মৎ জোহরা খাতুন গত ২৫ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা প্রধানগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

মাননীয় প্রধানমন্ত্রীর ০৬ (ছয়) টি প্রতিশ্রুতি নিম্নরূপ:

ক্র. নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিসমূহ	ঘোষণার সময়কাল	বাস্তবায়ন সময়কাল	বাস্তবায়নকারী অধিদপ্তর	বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
১.	সিরাজগঞ্জে সরকারী ভেটেরিনারি কলেজ স্থাপন করা।	০৯-০৪-২০১১	জানুয়ারী, ২০১৩ হতে জুন, ২০১৮	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাস্তবায়িত	
২.	মৎস্য চাষে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জে মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট স্থাপন করা।	০৯-০৪-২০১১	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত।	মৎস্য অধিদপ্তর	বাস্তবায়িত	
৩.	জেলেদের জন্য কৃষির অনুরূপ পরিচয় পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ। (জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্প)	২১-০৭-২০১০	জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৭	মৎস্য অধিদপ্তর	বাস্তবায়িত	রাজস্বখাত হতে বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে।
৪.	গোপালগঞ্জ জেলায় হাঁস-মুরগীর হ্যাচারি স্থাপন।	০৩-০৫-২০১০	অক্টোবর,২০১১ হতে জুন,২০১৮	প্রাণিসম্পদ অধিদপ্তর	বাস্তবায়িত	
৫.	চাঁদপুর মৎস্য গবেষণা কেন্দ্রে ডিপ্লোমা কোর্স চালুকরণ।	২৭-০৪-২০১০	১৬/০৯/২০১৫ তারিখ হতে শুরু হয়	মৎস্য অধিদপ্তর	বাস্তবায়িত	চলমান রয়েছে।
৬.	জাটকা ধরা বন্ধ রাখলে ১০ কেজির বদলে মাসিক ৩০ কেজি চাল প্রদান।	৩০-০৭-২০০৯	২০১২-১৩ অর্থবছরে শুরু হয়	মৎস্য অধিদপ্তর	বাস্তবায়িত	চলমান রয়েছে।

এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন সময়ে নিম্নরুপ নির্দেশনাসমূহ প্রদান করেন। যার বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে প্রদান করা হয়েছে:

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সকলকে সম্পৃক্ত করতে হবে।	প্রশাসন-১ অধিশাখার উপসচিব সভায় জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ৭ টি লক্ষ্যমাত্রায় লিড, ৩ টি লক্ষ্যমাত্রায় কো-লিড ও ৩০ টি লক্ষ্যমাত্রায় এসোসিয়েট হিসেবে কাজ করছে। দারিদ্র ও ক্ষুধামুক্ত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কাজ করছে। সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত SDG Action Plan অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ SDG কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। বর্তমানে ২য় SDG Action Plan মুদ্রণের পর্যায়ে রয়েছে। তবে চলমান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কার্যক্রমসমূহ বাস্তবায়িত হচ্ছে।	টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে।	টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর ফোকাল পয়েন্ট ও বিকল্প কর্মকর্তা
২.	হাওর এলাকায় অধিক পরিমাণে মৎস্য চাষ এবং সম্ভাব্যতা যাচাইপূর্বক মৎস্য প্রক্রিয়াকরণ শিল্প-প্রতিষ্ঠান গড়ে তোলা যেতে পারে।	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, পরিকল্পনা কমিশনের অনুশাসন অনুযায়ী নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন এবং পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।	প্রকল্পের ডিপিপি পুনর্গঠনপূর্বক আগামি ২২.০৮.২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব পরিকল্পনা)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক,বিএফআরআই
৩.	এ মন্ত্রণালয়ের মাধ্যমে মৎস্য এবং হালাল মাংস সৌদি আরবসহ মুসলিম দেশসমূহে রপ্তানি করা যেতে পারে।	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে মধ্যপ্রাচ্যে মোট ২,৭২৮.৪৭ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। তন্মধ্যে সৌদি আরবে ৯৯২.২৬ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। বিগত ২০২১-২২ অর্থবছরে মধ্যপ্রাচ্যে মোট ৪,৬৫৭.৯৮ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। তন্মধ্যে সৌদি আরবে ১৩৯৫.৪৭ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য থেকে জানা যায়, কুয়েত এবং মালদ্বীপে মোট মাংস রপ্তানি চলমান আছে। সৌদি আরবে হালাল মাংস রপ্তানির জন্য Saudi Food and Drug Authority (SFDA) কর্তৃক আরোপিত সাময়িক নিষেধাজ্ঞা প্রত্যাহারে গৃহীত পদক্ষেপের অগ্রগতি নিম্নরূপ: ১. ইপিডেমিওলজি ইউনিট ও ল্যাবরেটরি কার্যক্রম গ্রহণ শেষে প্রতিবেদন দাখিল করেছে। ২. প্রতিবেদনটি FAO-ECTAD (Food and Agriculture Organization-Emergency Centre for Transboundary Animal Diseases), Bangladesh এর নিকট দাখিল করা হয়েছে। ৩. FAO-ECTAD, Bangladesh থেকে প্রতিবেদনটির মূল্যায়ন পাওয়া যায়নি। ৫. FAO-ECTAD থেকে মূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেলে SFDA বরাবর আবেদন দাখিল করা হবে।	রপ্তানিযোগ্য মৎস্য ও মৎস্যপন্যের গুণগতমান নিশ্চিত করে রপ্তানির পরিমাণ বৃদ্ধি করতে হবে।	অতিরিক্ত সচিব (মৎস্য/প্রাস)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর